গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০২.১৬-৪৪১ তারিখ: ২৩ /০৩/২০১৭ খ্রি.

# বেসরকারি ব্যবস্থাপনায় নিবন্ধন সংক্রান্ত জরুরী সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

ক) বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীর কোটার ১,১৭,১৯৮ (এক লক্ষ সতের হাজার একশত আটানব্বই) জনের মধ্যে ২৬০৪ জন হজগাইড ও হজ এজেন্সীর ব্যবস্থাপনার জন্য ৮৫০ জন মোনাজ্জেম সরাসরি নিবন্ধন করবে। অবশিষ্ট ১,১৩,৭৪৪ টি খালি কোটা প্রাক-নিবন্ধনের ক্রম অনুযায়ী পূরণের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৭ এর ৩.১.৬ অনুযায়ী **বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধনের সিরিয়াল ২,১৭,২৮৮ পর্যন্ত** প্রাক-নিবন্ধিতকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ২০১৭ সনের নিবন্ধনের জন্য প্রাথমিকভাবে নির্ধারণ করেছে।

খ) বেসরকারি ব্যবস্থাপনায় নির্ধারিত প্রাক-নিবন্ধিত হজে গননেচ্ছুগণ (প্রাক-নিবন্ধনের সিরিয়াল ২,১৭,২৮৮ পর্যন্ত) ২০১৭ সনে হজে গমনের জন্য নিবন্ধন সম্পন্ন করবেন। হজ প্যাকেজে ঘোষিত ১,৫৬,৫৩৭.৭১ টাকার মধ্যে জামানত হিসেবে ২৮,৭৫২/- টাকা গ্রহণ করা হয়। সিটি-চেক-ইন, জমজম পানি, ১% হারে অতিরিক্ত বাড়ি ভাড়া, ব্যাংক গ্যারান্টি সৌদি হজ মন্ত্রণালয়ের অনুকূলে, ব্যাংক গ্যারান্টি সৌদি জেনারেল কার সিন্ডিকেটের অনুকূলে, স্থানীয় সার্ভিস চার্জ, হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড), হজযাত্রীদের জন্য ট্রলীব্যাগ এবং প্রশিক্ষণ ফি বাবদ সর্বমোট ৮,৪০১/- (আট হাজার চারশত এক) টাকা কর্তন করে অবশিষ্ট ২০,৩৫১/- (বিশ হাজার তিনশত একান্ন) টাকা সংশ্লিষ্ট এজেন্সীর নিবন্ধিত হজযাত্রীর সংখ্যার বিপরীতে স্ব-স্ব এজেন্সীর হিসাবে ফেরত প্রদান করা হবে। অতএব সংশ্লিষ্ট হজ এজেন্সী কর্তৃক তাদের স্ব-স্ব ব্যাংক হিসাবে নিবন্ধন ভাউচারের মাধ্যমে বিমান ভাড়া বাবদ ১,২৪,৭২৩.২১ টাকা জমা প্রদান করবে। **ব্যাংকে গচ্ছিত টাকার মধ্যে হজ প্যাকেজে ঘোষিত বিমান ভাড়া কেবলমাত্র বিমান টিকেট ক্রয়ের জন্য সংশ্লিষ্ট ব্যাংক হতে সংশ্লিষ্ট এয়ারলাইন্সের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে প্রেরণ করতে হবে। হজ এজেন্সী টিকেটের টাকা অন্য কোন কাজে উত্তোলন করতে পারবে না। উল্লেখ্য যে, সৌদি আরবে প্রদেয় বিভিন্ন সার্ভিস চার্জ ও পরিবহন ফি এবং জেদ্দা, মক্কা, মদিনা ও আল-মাশায়ের যাতায়াতের বাস সেবা ইত্যাদি স্ব-স্ব এজেন্সী IBAN হিসাবের মাধ্যমে সৌদি সরকার কর্তৃক নির্ধারিত পরিমান অর্থ (সৌ:রি:) সরাসরি পরিশোধ করবে।** নিবন্ধন কার্যক্রমে নির্বাচিত ব্যাংকসমূহ সরকার নির্ধারিত অর্থ প্রাপ্তি নিশ্চিত করে হজযাত্রীর নিবন্ধন সম্পন্ন করবে। যারা নিবন্ধন সংক্রান্ত যাবতীয় টাকা জমা দিতে ব্যর্থ হবেন তাদের ক্ষেত্রে অবশিষ্ট কোটা পূরণের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর ৩.১.৮ অনুসৃত হবে। জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর ৩.১.১৬ অনুযায়ী এই বিজ্ঞপ্তিতে প্রকাশিত সিরিয়ালের বাইরে কারো কাছ হতে হজ প্যাকেজের অবশিষ্ট অর্থ গ্রহণ করা যাবে না।

গ) যদি কোন হজ এজেন্সী রাজকীয় সৌদি সরকারের ন্যূনতম কোটা ১৫০ জনের নিবন্ধন করার জন্য প্রাক-নিবন্ধিত (প্রাক-নিবন্ধনের সিরিয়াল ২,১৭,২৮৮ পর্যন্ত) হজে গমনেচ্ছু না থাকে, তবে তারা জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর ৪.৩ অনুসরণ করে লিড এজেন্সী নির্ধারণ করতে হবে। অত:পর সমঝোতাকারী এজেন্সীকে হজে গমনেচ্ছু প্রাক-নিবন্ধিতদের অনলাইনে লিড এজেন্সীর অনুকূলে বিদ্যমান পদ্ধতিতে স্থানান্তর সংক্রান্ত যাবতীয় কাজ **২৮ মার্চ, ২০১৭ খ্রি:** এর মধ্যে সম্পন্ন করতে হবে। স্থানান্তরিত হজযাত্রীদের যাবতীয় দায়-দায়িত্ব লিড এজেন্সী গ্রহন করে নিবন্ধন সম্পন্ন করবে। **মোনাজ্জেম অবশ্যই লিড এজেন্সীর হতে হবে।** এজন্য, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মোনাজ্জেম বিষয়ে প্রকাশিতব্য পরিপত্র অনুসরণ করতে হবে। উল্লেখ্য যে, লীড এজেন্সী নির্ধারনে সমঝোতা পত্রের নমুনা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেওয়া আছে।

ঘ) ই-হজ ব্যবস্থাপনার সাথে সমন্বয়ের জন্য বেসরকারি হজযাত্রীগণের পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীগণ পাসপোর্ট বিষয়ে হজ প্যাকেজ ১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর ৪.১ অনুচ্ছেদ অনুসরণ করবেন।

(ঙ) ২০১৭ সনের হজ প্যাকেজ অনুযায়ী হজযাত্রীদের নিবন্ধন কার্যক্রম **২৮ হতে ৩০ মার্চ, ২০১৭ খ্রি.** পর্যন্ত চলবে।

২৩/৩/২০১৭

মোঃ আবুল হাসান
সিনিয়র সহকারী সচিব (হজ-১)
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ফোন : ৯৫৮৪৩২২ (অফিস)

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০২.১৬-৪৪১ তারিখ: ২৩ /০৩/২০১৭ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ.............................................।
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
১২. ব্যবস্থাপনা পরিচালক/ সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক/ ভাইস-প্রেসিডেন্ট............................................... ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
১৪. যুগ্মসচিব (সকল) .........................................ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
১৭. জেলা প্রশাসক (সকল).........................................................................।
১৮. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা (বিজ্ঞপ্তি অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৯. পুলিশ সুপার, (সকল)..............................................................................।
২০. সিভিল সার্জন (সকল).............................................................................।
২১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..............................................................।
২৩. মাননীয় সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২৬. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সংযুক্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
২৭. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা).............................................।
২৮. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা।
২৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল).........................................।
৩০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরি, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সীকে অবহিতকরণের অনুরোধসহ)।
৩১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি:, ১২ কাওরান বাজার, ঢাকা (সংযুক্ত বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে প্রকাশ এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩২. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক,.........................................................।
৩৩. জনাব.........................................................................................।

২৩/৩/২০১৭


মো: আবুল হাসান
সিনিয়র সহকারী সচিব (হজ-১)
ফোন: ৯৫৮৪৩২২
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।